দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 21 JAN 1989
পৃষ্ঠা 6 কলাম 5

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়।

নং শাঃ ১১/৯-১/৮৯/৪০ শিক্ষা, 003 তারিখ : ১৬ই জানুয়ারী, ১৯৮৯ ইং
৩রা মাঘ, ১৩৯৫ বাংলা।

## স্নাতকপূর্ব পর্যায়ে ১৯৮৯-৯০ শিক্ষাবর্ষের জন্য ভারত সরকারের বৃত্তি।

বাংলাদেশ ভারত শিক্ষা ও সংস্কৃতি বিনিময় কার্যক্রমের অধীনে ১৯৮৯-৯০ শিক্ষা বর্ষে স্নাতকপূর্ব পর্যায়ে নিম্নোক্ত বিষয়সমূহে/ক্ষেত্রে ভারতে উচ্চ শিক্ষার জন্য বৃত্তি প্রদানের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। কেবলমাত্র নিম্নে-বর্ণিত শর্তাবলী পূরণে সক্ষম প্রার্থীরাই আবেদন করিতে পারিবেন :

| ক্রমিক নং | বিষয়/ক্ষেত্র | সুযোগ সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | প্রকৌশল (সকল শাখা) | ৬টি | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ উভয় পরীক্ষায় গড়ে শতকরা ৮০% নম্বর (বিজ্ঞান গ্রুপ) |
| ২। | মেডিক্যাল | ৪টি | |
| ৩। | ফার্মেসী | ২টি | |
| ৪। | ফলিত পদার্থ বিদ্যা | ১টি | |
| ৫। | প্রান রসায়ন | ২টি | |
| ৬। | চর্ম প্রযুক্তি | ২টি | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ উভয় পরীক্ষায় গড়ে শতকরা ৭০% নম্বর (বিজ্ঞাপন গ্রুপ) |
| ৭। | বস্ত্র প্রযুক্তি | ২টি | |
| ৮। | গ্রাফিক আর্টস (প্রিন্টিং) | ১টি | |
| ৯। | গ্লাস এন্ড সিরামিক | ১টি | |
| ১০। | ইংরেজী | ১টি | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ উভয় পরীক্ষায় গড়ে শতকরা ৭০% নম্বর (শুধু মানবিক বিভাগের জন্য) |
| ১১। | অর্থনীতি | ১টি | |
| ১২। | ব্যবসা প্রশাসন | ১টি | ঐ এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ গড়ে উভয় পরীক্ষায় ৭০% নম্বর (শুধু বাণিজ্য গ্রুপের জন্য) |

২। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ফটোসহ এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল মার্কশীট/সনদপত্র ও শিক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজের ফটোকপি ২ (দুই) সেট (সত্যায়িত করা) ইত্যাদিসহ সাদা কাগজে নিম্নোক্ত বিবরণ সংবলিত দরখাস্ত আগামী ৩১-১-১৯৮৯ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পেঁছাইতে হইবে। প্রার্থীরা বাংলাদেশ সচিবালয়ের ৫ নং গেটে অভ্যর্থনা কক্ষে রক্ষিত কাঠের বাক্সেও দরখাস্ত দাখিল করিতে পারেন। সর্বশেষ তারিখের পরে প্রাপ্ত এবং অসম্পূর্ণ দরখাস্তসমূহ আপনা হইতেই বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। ১-১-৮৯ ইং তারিখে প্রার্থীদের বয়স ২০ (বিশ) বৎসরের উর্ধে হইতে পারিবে না।

৪। ১৯৮৭ ইং সালের পূর্বে যেসব প্রার্থী এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন তাহারা আবেদনের যোগ্য নহেন।

৫। যেসব প্রার্থী এসএসসি/এইচএসসি বা সমমানের পরীক্ষা বিদেশ হইতে পাস করিয়াছেন এবং পরীক্ষায় বিভিন্ন "গ্রেড" লাভ করিয়াছেন তাহাদের অর্জিত নম্বর বাংলাদেশ স্টান্ডার্ড-এর সাথে সংগতি রাখিয়া পরিস্কারভাবে সমতা উল্লেখ করিতে হইবে। অন্যথায় তাহা গ্রাহ্য হইবে না।

৬। কোন ব্যক্তি একাধিক বিষয়ে প্রার্থী হইতে পারিবেন না।

৭। প্রার্থীকে কোন একটি দেশের বৃত্তিতে অধ্যয়নের জন্য নির্বাচন করা হইলে তাহাকে আর অপর কোন দেশের বৃত্তি নিবিতে বিবেচনা করা হইবে না।

৮। ইচ্ছাকৃতভাবে মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে দন্ড বিধির বিধান অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

### ভারতীয় বৃত্তি (স্নাতকপূর্ব) ১৯৮৯-৯০-এর জন্য দরখাস্ত ফরম।

১। নাম (বড় অক্ষরে) :
২। পিতার/স্বামীর নাম :
৩। (ক) জন্ম তারিখ :
(খ) ১-১-৮৯ তারিখে সঠিক বয়স :
৪। বর্তমান ঠিকানা টেলিফোন (যদি থাকে) ও টেলিগ্রাম অফিস :
৫। স্থায়ী ঠিকানা :
৬। শিক্ষাগত যোগ্যতা :
(ক) বোর্ড ও শিক্ষা প্রতিষ্ঠানের নামসহ উত্তীর্ণ পরীক্ষাসমূহ :
(খ) শ্রেণী/বিভাগসহ পরীক্ষায় উত্তীর্ণ বৎসর :
(গ) ক্রমিক নং/রেজিস্ট্রেশন নং :
(ঘ) মোট নম্বর ও প্রাপ্ত শতকরা নম্বরের হার :
৭। অধ্যয়নের জন্য প্রার্থীত বিষয় :
৮। প্রার্থীর স্বাক্ষর :

(টি সি চাকমা)
সিনিয়র সহকারী সচিব।

ডিএফপি(স)-১০৮৪-১৭/১
জি—২৭২